



জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি  
সদর রোড, জয়পুরহাট

ফোন নং-০৫৭১-৬২২৭৪, ৬২৩০০  
Website : www.joypurhatpbs.gov.bd  
E-mail: gmjoypurhatpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০২.০০৮.২১.৬৬৩

তারিখঃ-

০৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ  
২১ জানুয়ারী, ২০২১ ইং

**“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”**

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতিতে পাওয়ার ইউজ/সদস্য সেবা কো-অর্ডিনেটর এর শূন্য পদ পূরণের লক্ষে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	যে পদের প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	পাওয়ার ইউজ/সদস্য সেবা কো-অর্ডিনেটর	ওয়্যারিং পরিদর্শক

**আবেদন করার নিয়মাবলীঃ**

আবেদনকারীকে খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে প্রথম নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক আগামী ১৩-০২-২১ ইং তারিখ রোজ শনিবার সকাল ১১-০০ ঘটিকার মধ্যে জয়পুরহাট পবিস এর সদর দপ্তর, জয়পুরহাট এ স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।


**প্রার্থীর যোগ্যতাঃ**

- ওয়্যারিং পরিদর্শক পদে ন্যূনতম ১০ (দশ) বৎসর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকবে হবে।
- প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণে এবং বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লেখিত বিধান/শর্তাদী পূরণ করতে হবে।
- সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
- জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর চাকুরী বিধি -১৯৯২, (সংশোধিত-২০১২) এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
- দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।
- ওয়্যারিং যন্ত্রপাতি, মালামাল ও যন্ত্রাংশ সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে।

**শর্তাবলীঃ-**

- আবেদন ফরমের সাথে সিনিয়র জেনারেল ম্যানজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে); সর্বশেষ ১ বৎসরের মধ্যে লঘুদন্ড, ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে ০১ বার গুরুদন্ড, একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক বার লঘু দন্ড প্রাপ্ত হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নেই মর্মে প্রত্যয়নপত্র, অনাপত্তির সনদপত্রসহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি, বিগত ০৩ (তিন)বছরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

- ০৩। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা জয়পুরহাট জেলার (পৌরসভা ব্যতীত) ০৫টি উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্ব” হিসাবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।
- ০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় আত্মীয়-স্বজনের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। নির্বাচনী সাক্ষাতকারে অংশ গ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
 (মোঃ এনামুল হক প্রামানিক)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার  
 জয়পুরহাট পবিস।

অনুলিপিঃ- (সদয় অবগতির জন্য)

- (০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- (০২) পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ (উঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- (০৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- (০৪) একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- (০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- (০৬) জেলা প্রশাসক/পুলিশ সুপার, জয়পুরহাট।
- (০৭) ডিজিএম সদর-কারিগরি/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই জোনাল অফিস, জপবিস।
- (০৮) এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন), জপবিস।
- (০৯) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), জপবিস (বিজ্ঞপ্তিট অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- (১০) নোটিশ বোর্ড, জপবিস।

সিনিয়র জেনারেল ম্যানেজার  
 জয়পুরহাট পবিস।

